

# সম্পাদকীয়



প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা

ড. জামিলুর রেজা চৌধুরী  
ড. মুহাম্মদ ইব্রাহিম  
ড. মোহাম্মদ কায়েকোবাদ  
ড. মোহাম্মদ আলমগীর হোসেন  
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা ডাঃ এম মোরতায়েজ আমিন

সম্পাদক	গোলাপ মুনীর
সহযোগী সম্পাদক	মইন উদ্দীন মাহমুদ
সহকারী সম্পাদক	মোহাম্মদ আবদুল হক
কারিগরি সম্পাদক	মোঃ আবদুল ওয়াহেদ তামাল
সহকারী কারিগরি সম্পাদক	মুসরাত আকতার
সম্পাদনা সহযোগী	সালেহ উদ্দিন মাহমুদ
বিশেষ প্রতিবন্ধি	ইমদাদুল হক

বিদেশ প্রতিবন্ধি	
জামাল উদ্দীন মাহমুদ	আমেরিকা
ড. খান মনজুর-এ-খোদা	কানাডা
ড. এস মাহমুদ	ব্রিটেন
নির্মল চন্দ্ৰ চৌধুরী	অস্ট্রেলিয়া
মাহবুব রহমান	জাপান
এস. ব্যানার্জী	ভারত
আ. ফ. মোঃ সামসজ্জোহা	সিঙ্গাপুর
নাসির উদ্দিন পারভেজ	মধ্যপ্রাচ্য

প্রচন্ড	মোহাম্মদ আফজাল হোসেন
ওয়েব মাস্টার	মোহাম্মদ এহতোম উদ্দিন
জ্যেষ্ঠ সম্পাদনা সহকারী	মনিবজ্জামান পিন্টু
কম্পোজ ও অঙ্গসজ্জা	মোঃ মাসুদুর রহমান
রিপোর্টার	সোহেল রাণা

মুদ্রণ : রাইটস (প্রা.) লি.  
৪৪সি/২, অজিমপুর রোড, ঢাকা-১২০৫  
অর্থ ব্যবস্থাপক সভাদে আলী বিশ্বাস  
বিভাগীয় ব্যবস্থাপক শিল্প শিক্ষার  
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক প্রকৌ. নাজনীন নাহার মাহমুদ

প্রকাশক : নাজমা কাদের  
কক্ষ নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি  
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭  
ফোন : ৯১৮৩০১৮৪, ৯৬১৩০১৬, ০১৭১৫৪৪২১৭,  
০১৯১৫৯৮৬১৮  
ই-মেইল : jagat@comjagat.com  
ওয়েব : www.comjagat.com  
যোগাযোগ :  
কম্পিউটার জগৎ  
কক্ষ নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি  
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭  
ফোন : ৯১৮৩০১৮৪

Editor Golap Monir  
Associate Editor Main Uddin Mahmood  
Assistant Editor Mohammad Abdul Haque  
Technical Editor Md. Abdul Wahed Tomal  
Correspondent Md. Abdul Hafiz

Published from :  
Computer Jagat  
Room No.11  
BCS Computer City, Rokeya Sarani  
Argaon, Dhaka-1207  
Tel : 9183184

Published by : Nazma Kader  
Tel : 9664723, 9613016  
E-mail : jagat@comjagat.com

## কম্পিউটার জগৎ-এর ২৫ বছর পূর্তি

কম্পিউটার জগৎ। এ দেশের প্রথম বাংলা তথ্যপ্রযুক্তিবিষয়ক মাসিক পত্রিকা। শুধু বাংলাদেশের নয়, সারা বিশ্বের প্রথম বাংলা তথ্যপ্রযুক্তিবিষয়ক মাসিক। চলতি সংখ্যাটি এর ২৫ বছর পূর্তিসংখ্যা। আজ থেকে ২৫ বছর আগে যে কম্পিউটার জগৎ-এর প্রকাশনা অভিযান শুরু করেছিল, তা হাঁটি হাঁটি পা পা করে ২৫ বছরের নিয়মিত প্রকাশনার পথ পেরিয়ে আজ পালন করছে এর ২৫ বছর পূর্তি উৎসব। আমাদের এই আনন্দ-উৎসবে স্বাগত সবাইকে-বিশেষ করে আমাদের লেখক, পাঠক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদেরকে। কেননা, এই ২৫ বছরের পথ-পরিক্রমায় আমরা তাদের পেয়েছি আমাদের সক্রিয় সহায়ক শক্তি হিসেবে। ব্যক্তিগতভাবে আমরা অনেকের কাছ থেকে পেয়েছি বিশেষ সহায়তা। তাদের নাম উল্লেখ করে তাদের এই অবদানকে আমরা খাটো করতে চাই না। তবে আজকের এই ২৫ বছর পূর্তির দিনে তাদের কাছ থেকে কামনা করি সমধিক সহায়তা।

আমরা একটা বিশ্বাসের ওপর ভর করে এই পত্রিকা প্রকাশনার কাজটি শুরু করেছিলাম। আমাদের সুদৃঢ় বিশ্বাস ছিল- একটি পত্রিকাও হতে পারে একটি আন্দোলন, যদি সে পত্রিকা সঠিক দিক-নির্দেশনা নিয়ে জাতীয় স্বার্থকে উর্ধ্বে তুলে ধরে এর প্রকাশনা অভিযান অব্যাহত রাখতে পারে। পাশাপাশি আমাদের অতিরিক্ত বিশ্বাস ছিল- একটি পত্রিকাকে আন্দোলনের হাতিয়ার হিসেবে ব্যবহার করতে চাইলে পত্রিকাটি প্রচলিত সাংবাদিকতার মাঝে নিজেকে সীমাবদ্ধ রেখে শুধু নির্দিষ্ট সময় পরপর রেখায়-লেখায় ও অঙ্গসৌষ্ঠবে সমৃদ্ধ হয়ে একটি পত্রিকা প্রকাশ করে গেলেই চলবে না। বরং প্রচলিত সাংবাদিকতার অর্গল ভেঙে বেরিয়ে আসতে হবে সময়ের প্রয়োজন মেটানোর জন্য।

কম্পিউটার জগৎ-এর  
২৫ বছর পূর্তি উপলক্ষে  
লেখক-পাঠক-গ্রাহক-  
এজেন্ট-বিজ্ঞাপনদাতা-  
পৃষ্ঠপোষক-  
শুভানুধ্যায়ীসহ সংশ্লিষ্ট  
সবার প্রতি রইল ফুলেল  
শুভেচ্ছা। পাশাপাশি  
তাদের সবার প্রতি রইল  
বাংলা নববর্ষের  
শুভেচ্ছাও।

আমাদের পাঠকমাত্রই জানেন, এই ২৫ বছর আমরা নিয়মিতভাবে কম্পিউটার জগৎ-এর প্রতিটি সংখ্যা প্রকাশ করতে সক্ষম হয়েছি। এটি হচ্ছে আমাদের প্রচলিত সাংবাদিকতার অপরিহার্য অঙ্গ। কিন্তু আমরা কম্পিউটার জগৎকে আন্দোলনের মোক্ষম হাতিয়ার হিসেবে সফলতার সাথে ব্যবহারের খাতিরে যেখানে যেটা প্রয়োজন, সেটা করেছি- প্রচলিত সাংবাদিকতার বৃত্ত থেকে বের হয়ে এসেছি। আপনারা নিচয় লক্ষ করেছেন- তথ্যপ্রযুক্তি খাতের আন্দোলনকে এগিয়ে নেয়ার স্বার্থে বিভিন্ন দাবি-দাওয়া উত্থাপন, সমস্যা-সম্ভাবনা জাতির সামনে তুলে ধরার পাশাপাশি বিভিন্নধীর তৎপরতা চালিয়েছি। এরই অংশ হিসেবে আমরা কম্পিউটার মেলা আয়োজন, কম্পিউটার সম্পর্কিত পৃষ্ঠিকা প্রকাশ করে বিনামূল্যে বিতরণ, বিভিন্ন ইস্যুকে সামনে রেখে সংবাদ সম্মেলন-সেমিনার-সিম্পোজিয়াম আয়োজন, বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন, ফুলের শিক্ষার্থীদের কম্পিউটারের সম্পর্কে পরিচিত করার কর্মসূচি চালু- ইত্যাদি কর্মকাণ্ড পরিচালনা করেছি। সাথে সাথে সংশ্লিষ্ট নীতি-নির্ধারকদের কাছে প্রয়োজনের সময়ে গেছি বিভিন্ন দাবি-দাওয়া আদায়ের প্রত্যাশায়, তাদের কাছে আমাদের দাবির যৌক্তিকতা তুলে ধরেছি। কখনও কখনও কোনো কোনো মহলের চৰম অবহেলায় আমরা ক্ষেত্র প্রকাশ করেছি। কিন্তু কখনও আমরা পক্ষপাতদুষ্ট বা নেতৃত্বাচক সাংবাদিকতাকে প্রশংস্য দিইনি।

কম্পিউটার জগৎ কোনো মহলবিশেষের পত্রিকা নয়। কম্পিউটার জগৎ পুরো জাতির। অতীতের মতো আসছে দিনেও কম্পিউটার জগৎ পুরো জাতির মুখ্যপত্র হয়ে কাজ করবে, জাতীয় স্বার্থকে সবার ওপরে স্থান দেবে, সে উপলক্ষ নিয়েই আগামীর সড়কে হাঁটব- এই প্রতিশ্রূতি রইল সবার কাছে আজকের এই সিকি শতাব্দীর পূর্তির দিনে। আল্লাহ আমাদের সবার সহায় হোন।

### লেখক সম্পাদক

- প্রকৌশলী তাজুল ইসলাম • সৈয়দ হাসান মাহমুদ • সৈয়দ হোসেন মাহমুদ • মোঃ আবদুল ওয়াজেদ